**কালের কণ্ঠ ০১.০৮.১৭ (২)**

উন্নয়নকাজ বাধাগ্রস্ত

# এক কর্মকর্তাকে একাধিক পরিচালক পদে নিয়োগ না দেওয়ার সুপারিশ

**নিজস্ব প্রতিবেদক ▷**

একজন কর্মকর্তাকে একাধিক প্রকল্পের পরিচালক নিয়োগ করায় প্রকল্পের বাস্তবায়নকাজ ধীরগতিতে চলছে। এমনকি কোথাও কোথাও উন্নয়ন কর্মকাণ্ড বাধাগ্রস্ত হচ্ছে। এ নিয়ে ক্ষোভ প্রকাশ করেছে সংসদীয় কমিটি। বৈঠকে একজন কর্মকর্তাকে একাধিক প্রকল্পের পরিচালকের দায়িত্ব না দেওয়ার সুপারিশ করা হয়েছে।

গতকাল সোমবার বিকেলে জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এই সুপারিশ করা হয়। কমিটির সভাপতি আবুল কালাম আজাদের সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য পরিকল্পনা প্রতিমন্ত্রী এম এ মান্নান, কমিটির সদস্য মেজর (অব.) রফিকুল ইসলাম (বীর-উত্তম), মো. আব্দুল হাই, সামশুল হক চৌধুরী, নিলুফার জাফর উল্লাহসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কমিটি সূত্র জানায়, বৈঠকে বিভিন্ন মন্ত্রণালয়ের গৃহীত প্রকল্পগুলো নির্ধারিত সময়ে শেষ হবে বলে দাবি করা হলেও অনেক প্রকল্পের বাস্তবায়নকাজ ধীরগতিতে চলছে বলে দেখা গেছে। এমনকি কোনো কোনো প্রকল্পের মেয়াদ শেষ পর্যায়ে থাকলেও অর্ধেক কাজ বাকি রয়েছে। এ ক্ষেত্রে একজন কর্মকর্তার একাধিক পদে দায়িত্ব পালনই প্রধান বাধা বলে কমিটির সদস্যরা মনে করেন। তাঁরা এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। কমিটির পক্ষ থেকে এ বিষয়ে সব মন্ত্রণালয়কে প্রয়োজনীয় নির্দেশনা পাঠানোর জন্য পরিকল্পনা মন্ত্রণালয়কে বলা হয়।

বৈঠকে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়নে পরিকল্পনা মন্ত্রণালয়ের ভূমিকা নিয়ে আলোচনা হয়। এ বিষয়ে কর্মপরিকল্পনা তুলে ধরেন পরিকল্পনা কমিশনের সদস্য সিনিয়র সচিব (অর্থনীতি বিভাগ) শামসুল আলম। পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে এসডিজি বাস্তবায়নে গৃহীত সরকারের বিভিন্ন কর্মপরিকল্পনা তুলে ধরেন। কমিটি এসডিজির অভীষ্ট বাস্তবায়নের কোন স্থানে কী কী প্রকল্প চলমান রয়েছে এবং কাজগুলো কিভাবে হচ্ছে সে বিষয়ে নজরদারি বাড়ানোর সুপারিশ করেছে।